দৈনিক
ইত্তেফাক

21 JAN 2017

# চন্দনাইশে ছয় বিষয়ের পাঠ্যবই এখনো পায়নি শিক্ষার্থীরা

■ চন্দনাইশ (চট্টগ্রাম) সংবাদদাতা

চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় ছয় বিষয়ের পাঠ্যবই এখনো পায়নি শিক্ষার্থীরা। শিক্ষা মন্ত্রণালয় নতুন বছরের প্রথম দিন দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের হাতে নতুন পাঠ্যবই তুলে দেওয়ার কথা বললেও এখনো চন্দনাইশ উপজেলায় ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা ছয় বিষয়ের বই হাতে পায়নি। এ পরিস্থিতিতে শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবকরাও বিপাকে পড়েছেন।

চন্দনাইশ উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, একটি পৌরসভা ও দশটি ইউনিয়ন নিয়ে গঠিত চন্দনাইশ উপজেলার ৩২টি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ২২ হাজার ৮৫০ জন। সে অনুসারে পাঠ্য বইয়ের চাহিদা রয়েছে ৩ লাখ ৩২ হাজার ৪১০। এ ছাড়া এবতেদায়ী সমমান ৪৩টি মাদ্রাসায় শিক্ষার্থী রয়েছে ১৭ হাজার ৫শ' জন। এসব শিক্ষার্থীদের জন্য পাঠ্য-বইয়ের চাহিদা ছিল ২ লাখ ৮ হাজার ২শ'। তবে মাদ্রাসার সকল বিষয়ের পাঠ্যবই শিক্ষার্থীদের হাতে পৌছে দেওয়া হলেও মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির ৬টি বিষয়ের ৪০ হাজার ৫৩৩টি পাঠ্যবই এখনো উপজেলায় এসে পৌছেনি।

এ ব্যাপারে চন্দনাইশ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবু কাউসার বলেন, আমরা শিক্ষার্থীদের হিসাবে পাঠ্য বইয়ের চাহিদাপত্র পাঠিয়েছিলাম। কিন্তু পাঠ্য পুস্তক বিতরণ নিয়ন্ত্রক এনসিটিবি'র তত্ত্বাবধানে তাইবা প্রিন্টার্স ঢাকা থেকে এসব বই এখনো না পাঠানোর কারণে শিক্ষার্থীদের হাতে দিতে পারেনি। বই আসার সাথে সাথে তা দেওয়া হবে।